# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১৪১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪৮. ঈদের সালাতের খুত্বাহ

باب الْخُطْبَةِ يَوْمَ الْعِيدِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، وَمُحَمَّدُ بْنُ بَكْرٍ، قَالاَ أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ، أَخْبَرَنِي عَطَاءٌ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ، قَالَ سَمِعْتُهُ يَقُولُ إِنَّ النَّبِيَّ صلي الله عليه وسلم قَامَ يَوْمَ الْفِطْرِ فَصَلَّى فَبَدَأَ بِالصَّلاَةِ قَبْلَ الْخُطْبَةِ ثُمَّ خَطَبَ النَّاسَ فَلَمَّا فَرَغَ نَبِيُّ اللهِ صلي الله عليه وسلم نَزَلَ فَأَتَى النِّسَاءَ فَذَكَّرَهُنَّ وَهُوَ يَتَوَكَّأُ عَلَى يَدِ بِلاَلٍ وَبِلاَلٌ بَاسِطٌ ثَوْبَهُ تُلْقِي فِيهِ النِّسَاءُ الصَّدَقَةَ قَالَ تُلْقِي الْمَرْأَةُ فَتَخَهَا وَيُلْقِينَ وَيُلْقِينَ وَقَالَ ابْنُ بَكْرٍ فَتَخَتَهَا

ـ صحيح : ق

বাংলা

১১৪১। জাবির ইবনু ’আবদুল্লাহ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ’ঈদুল ফিত্বরের দিন দাঁড়িয়ে খুত্বাহর পূর্বেই সালাত আদায় করলেন। তারপর লোকদের উদ্দেশে খুত্বাহ দিলেন এবং খুত্বাহ শেষে মহিলাদের নিকট গিয়ে তাদেরকে নসীহত করলেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তখন বিলালের হাতের উপর ভর করেছিলে এবং বিলাল (রাঃ) তার কাপড় বিছিয়ে রেখেছিলেন। মহিলারা তাতে দানের বস্তু নিক্ষেপ করছিলেন। কোন কোন মহিলা তাতে নিজেদের গহনা তাতে ছুড়ে দিচ্ছিলো এবং অন্যরা আরো অনেক কিছু নিক্ষেপ করছিলো।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

## English

Narrated Jabir ibn Abdullah:

The Prophet (ﷺ) stood on the day of the breaking of the fast ('Id) and offered prayer. He began the prayer before the sermon. He then addressed the people. When the Prophet (ﷺ) finished the sermon, he descended (from the pulpit) and went to women. He gave them an exhortation while he was leaning on the hand of Bilal. Bilal was spreading his garment in which women were putting alms; some women put their rings and others other things.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : দুই ঈদ, অনুঃ ঈদের দিন মহিলাদেরকে ইমামের উপদেশ দেয়া, হাঃ ৯৭৮), মুসলিম (অধ্যায় : দুই ঈদ), নাসায়ী (অধ্যায় : দুই ঈদ, হাঃ ১৫৭৪)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58459

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন